অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো প্রথম লেক অন্টারিও এর স্থায়িত্ব ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ (RESILIENCY AND ECONOMIC DEVELOPMENT INITIATIVE, REDI) সম্পর্কিত কনফারেন্সের আয়োজন করেন এবং লেক অন্টারিও এর বন্যায় আক্রান্ত কমিউনিটির জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিলের ঘোষণা দেন

250 জনেরও বেশি স্টেট ও স্থানীয় কর্মকর্তা গভর্নরের সাথে যোগ দেন

স্থানীয় সরকার স্টেটের ব্যয়িত প্রত্যেক ডলারের জন্য 15 শতাংশ মিল করবে

স্টেট স্থায়িত্ব ও অর্থনৈতিক উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে বন্যায় আক্রান্ত স্থানীয় সরকারের সাথে কাজ করে

তহবিল বিবেচনার জন্য REDI কমিশনে প্রকল্পগুলো জমা দিতে স্থানীয় সরকারের শ্রম দিবসের সময়সীমা রয়েছে

স্যান্ডব্যাগিং মিশনের জন্য গভর্নর অতিরিক্ত 100 ন্যাশনাল গার্ড মোতায়েন করেন

বন্যার অভিজ্ঞতা লাভকারী তাৎক্ষণিক সাহায্য প্রত্যাশী কমিউনিটিগুলোকে সাহায্য করার জন্য গভর্নর নতুন ওয়েবসাইট চালু করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ কমিউনিটির লিডার ও লেক অন্টারিও এর স্থায়িত্ব ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ বা REDI কমিশন এর প্রথম বৈঠকের আয়োজন করেন যেখানে তিনি লেক্ট অন্টারিওর বন্যায় আক্রান্ত কমিউনিটিগুলোর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিলের ঘোষণা দেন। স্থানীয় সরকার স্টেটের ব্যয়িত প্রত্যেক ডলারের জন্য 15 শতাংশ মিল করবে। লেকের তীরবর্তী শহরাঞ্চলজুড়ে বিভিন্ন অবকাঠামোর ঝুঁকি হ্রাসের পাশাপাশি গ্রীষ্মকালীন পর্যটনের উপর অত্যন্ত নির্ভরশীল এই অঞ্চলের স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করার জন্য বিভিন্ন পরিকল্পনা প্রণয়নের জন্য গভর্নর, কমিশন এবং লেক অন্টারিও ও সেন্ট লরেন্স রিভার তটরেখা জুড়ে বিভিন্ন কমিউনিটির 250 জনেরও বেশি স্টেট ও স্থানীয় কর্মকর্তা রোচেস্টারে একত্রিত হয়েছেন। 2017 সালে একবার এবং এই বছর আবার লেকের ঐতিহাসিক উচ্চ পানির স্তরের কারণে হওয়া বন্যায় এই এলাকাগুলো বিধ্বস্ত হয়েছে। উভয়ক্ষেত্রেই, বিস্তীর্ণ অঞ্চলে উপকূলীয় ভূমিক্ষয়, ক্ষতিগ্রস্ত তটরেখার কাঠামো এবং বিপন্ন অবকাঠামোর কারণ এই বন্যা। তাছাড়া, গভর্নর লেক অন্টারিওর কমিউনিটিগুলোতে স্যান্ডব্যাগিং মিশনের জন্য অতিরিক্ত 100 ন্যাশনাল গার্ড মোতায়েন করেন।

"আমাদের সামনে রয়েছে একটি বড় চ্যালেঞ্জ। লেক অন্টারিওর এই পরিস্থিতি জীবনব্যাপী একবারের ঘটনা নয় এবং এখন প্রশ্ন এমন নয় যে এটি যদি আবার ঘটে বরং প্রশ্ন হলো এটি আবার কখন ঘটবে", **গভর্নর কুওমো বলেন।** "REDI কমিশন অভূতপূর্ব পদক্ষেপ নিতে যাচ্ছে। এটি সম্পূর্ণ অংশীদারিত্বের পদক্ষেপ নিতে যাচ্ছে। এটি সৃজনশীলতার পদক্ষেপ নিতে যাচ্ছে। এটি সবাই একত্রে কাজ করার পদক্ষেপ নিতে যাচ্ছে। এটি আমাদের সামর্থ্য বৃদ্ধি করার পদক্ষেপ নিতে যাচ্ছে। এটি উল্লেখযোগ্য সংস্থানের পদক্ষেপ নিতে যাচ্ছে। আর আমি আপনাদের জানাতে চাই যে এই অভূতপূর্ব প্রচেষ্টায়, নিউ ইয়র্ক স্টেট লেক অন্টারিও কমিউনিটির পেছনে রয়েছে এবং আমরা এই ধরনের স্থায়িত্ব ও অর্থনৈতিক উন্নয়ন কাজ যা আমাদেরকে করতে হবে তা করতে 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে যাচ্ছি।"

"আমরা সরকারের ক্ষমতা ব্যবহার করে এবং স্থানীয় কমিউনিটির সাথে অংশীদারিত্বে কাজ করে লেক অন্টারিও উপকূলজুড়ে গৃহ, ব্যবসা এবং মানুষের জীবনযাপনের সুরক্ষার জন্য একটি সাহসী প্রচেষ্টা চালু করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা দিয়েছেন।** "আমাদের এই লেকের কার্যাধিক্ষ হওয়ার দায়িত্ব রয়েছে এবং নিশ্চিত করছি যে আমরা ভবিষ্যতের জন্য আরও শক্তিশালী ও মজবুত ভীত নির্মাণ করছি।"

2017 সালের বসন্তে পূর্বের রেকর্ড পরিমাণ বন্যার পর থেকে, স্টেট লেক অন্টারিও উপকূলবর্তী অঞ্চল যা 2017 সালের বন্যায় প্লাবিত হয়েছিল, একই অঞ্চলে আরো একবার সর্বোচ্চ জলসীমা ও বন্যার রেকর্ড হয়েছে তার পুনর্গঠনে 100 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে। এই REDI টাস্ক ফোর্স দ্বারা উদ্ভাবিত পদ্ধতি এবং এর সুপারিশ পরবর্তী কোনো বিনিয়োগের ক্ষেত্রে এই কমিউনিটিগুলোর সম্মুখীন হওয়া নতুন বাস্তবতাকে বিবেচনা করবে।

এই কমিশন 2017 সালে তীব্র বন্যায় আক্রান্ত এলাকাগুলো সহ লেক অন্টারিওতে হওয়া বন্যায় মারাত্মকভাবে আক্রান্ত এলাকাগুলোতে সফর ও পরীক্ষা করে যাচ্ছে। স্থানীয় নেতাদের মতামত ও প্রস্তাবনায়, এই টাস্ক ফোর্স নতুন পদক্ষেপসমূহের একটি প্যাকেজ প্রণয়ন করবে - আইন সংক্রান্ত পরিবর্তন থেকে নির্বাহী পদক্ষেপসমূহে সহায়তা প্যাকেজ সহ - যা শুধু তটরেখার পুনর্নির্মাণ করবে না, ভবিষ্যতে প্রকৃতি মাতার ভাণ্ডারে যা কিছু আছে তার প্রতিরোধের স্থায়িত্ব বৃদ্ধি করবে।

আজকের বৈঠকে, স্থানীয় সরকার স্টেটের কর্মকর্তাদের কাছে তাদের অবকাঠামো ও অর্থনৈতিক উন্নয়নে অগ্রাধিকারসমূহ তুলে ধরা শুরু করেছে যারা REDI কমিশন কর্তৃক সনাক্তকৃত প্রকল্পগুলোকে পুরস্কৃত করবে। স্থানীয় সরকারের তাদের প্রকল্পগুলো বিবেচনার জন্য জমা দিতে শ্রম দিবস পর্যন্ত সময় রয়েছে।

স্থানীয় নেতাগণ এবং বন্যার অভিজ্ঞতা লাভকারী স্টেট হতে তাৎক্ষণিক সাহায্য প্রত্যাশী কমিউনিটির সদস্যগণকে সাহায্য করার জন্য গভর্নর একটি নতুন ওয়েবসাইট চালুর ঘোষণাও দেন। ক্রমবর্ধমান পানির প্রতিরোধে প্রয়োজনীয় তথ্য সহ লেক অন্টারিওর তীরবর্তী বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের সংযুক্ত করতে এই ওয়েবসাইট একমাত্র বিপণী হিসেবে কাজ করে। এই সাইটে, তথ্যের অনুমোদন ও মঞ্জুর করার জন্য লেক পর্যায়ের উপাত্তে কীভাবে সংস্থানের অনুরোধ করবে অধিবাসীগণ সে সংক্রান্ত

তথ্য পাবে। পরিস্থিতির অগ্রগতি হওয়ার সাথে সাথে, সাইটটিকে বিভিন্ন অতিরিক্ত উপকারী সংস্থানের মাধ্যমে আধুনিকায়ন করা হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "REDI কমিশন এই নতুন পরিবেশগত বাস্তবতার মুখে আরও স্থিতিশীল কমিউনিটির পুনর্নির্মাণের পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন সুযোগ সৃষ্টি করে স্থানীয় স্টেকহোল্ডারদের অংশীদারিত্বে কৌশলগত সুপারিশ করবে।"

নিউ ইয়র্কের পরিবেশ সংরক্ষণ অধিদপ্তরের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বাসিল সেগোস বলেন, "প্রবল ও ঘনঘন ঝড়ের বৃদ্ধি এবং পরিবর্তনশীল আবহাওয়ার কারণে সৃষ্ট চলমান সমস্যা তাদের জন্য চ্যালেঞ্জ অব্যাহত রাখবে যারা লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স অঞ্চলকে ভালোবাসে এবং এর উন্নতি দেখতে চায়। এই কারণে গভর্নর কুওমো DEC এবং REDI এর অন্যান্য সদস্যদের তটরেখার স্থায়িত্ব বৃদ্ধির জন্য একটি পূর্ণাঙ্গ এজেন্ডার উন্নয়নের মাধ্যমে আমাদের উপকূলীয় কমিউনিটি এবং তাদের অবকাঠামোর সুরক্ষাকে অগ্রাধিকার দেয়ার নির্দেশনা দিয়েছেন।"

DASNY এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. জিরার্ড পি. বাশেল বলেন, "DASNY গভর্নর কুওমোর REDI উদ্যোগে অবদান রাখায় গর্বিত এবং লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স রিভার জুড়ে ক্রমবর্ধমান পানির স্তরের দ্বারা ক্ষতিগ্রস্ত স্থানীয় কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য প্রস্তুত হয়ে আছে। এই অঞ্চলগুলোকে আরও শক্তিশালী ও মজবুত করে নির্মাণে সাহায্য করার মাধ্যমে, আমরা নিশ্চয়তা দিব যে তারা তাদের জরুরি চাহিদা পূরণ করতে পারবে এবং দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক সফলতা নিশ্চিত করতে পারবে।"

গভর্নরের জরুরি অপারেশন বিষয়ক পরিচালক মাইকেল কোপি বলেন, "দুর্ভাগ্যক্রমে, আমাদেরকে এই বন্যার দিকে নজর দেয়া আরম্ভ করতে হবে কারণ পানির স্তর নিয়ন্ত্রণের জন্য দায়ী সমস্যাগুলো চলা পর্যন্ত নতুন স্বাভাবিক ও চলমান সমস্যা আরও ভালো কাজ আরম্ভ করবে এবং প্রকৃতি মাতা আমাদের প্রতি একটু সহায় হবে। গভর্নর কর্তৃক এই REDI কমিশন প্রতিষ্ঠার সাথে সাথে, আমরা দীর্ঘ-মেয়াদী সমাধান বাস্তবায়নের দিকে নজর দিতে পারব যা এটি পরবর্তীকালে ঘটলে আমাদের স্বল্প-মেয়াদী জরুরি ব্যবস্থাপনা কার্যক্রমের কার্যকারিতাকেই কেবল শক্তিশালী করবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন